



ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

Website: www.bb.org.bd

ডিসিএম সার্কুলার নং-০৩/২০১৯

তারিখ : ৭ জ্যৈষ্ঠ, ১৪২৬  
২১ মে, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/চীফ এক্সিকিউটিভ অফিসার  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক  
প্রিয় মহোদয়,

**যথাযথভাবে নোট সার্টিং প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগ হতে ইস্যুকৃত ০৭/১২/২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার নং-১৪/২০১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, উক্ত সার্কুলারের পরিশিষ্ট 'খ'-তে বর্ণিত অপ্রচলনযোগ্য, মিউটিলেটেড ও দাবিযোগ্য নোটের বৈশিষ্ট্যসমূহ নিম্নোক্তভাবে সংশোধন করা হয়েছে যা বাংলাদেশ ব্যাংকে গ্যারান্টি হিসাবে ও চেস্ট হিসাবে নোট জমাদানের ক্ষেত্রে অবিলম্বে কার্যকর হবেঃ

ক) ১) **'অপ্রচলনযোগ্য (Non-Issuable) নোট' এর বৈশিষ্ট্যসমূহ :**

- অত্যধিক ময়লাযুক্ত নোট;
- নোটে অল্প মরিচার চিহ্ন;
- অল্প রং লাগানো নোট;
- নোটের উপর অত্যধিক লেখা, একাধিক সিল, অধিক অনুস্বাক্ষর/স্বাক্ষর বা দাগ;
- সামান্য ছেঁড়া/ক্ষুদ্র ছিদ্রযুক্ত নোট;

২) **'ত্রুটিপূর্ণ (Mutilated) নোট' এর বৈশিষ্ট্যসমূহ :**

- ছেঁড়া/টেপযুক্ত নোট;
- দুই খণ্ডে খণ্ডিত নোট;
- বড় ছিদ্রযুক্ত নোট;
- নোটের কোন অংশ অনুপস্থিত;
- তেলযুক্ত নোট।

৩) **'দাবিযোগ্য (Claims) নোট' এর বৈশিষ্ট্যসমূহ :**

- দুই এর অধিক খণ্ডে খণ্ডিত নোট;
- নোটের কোন অংশ অনুপস্থিত যার পরিমাণ নোটের আয়তনের ১০% বা এর বেশি;
- আগুনে পোড়া/আগুনের আঁচ লাগানো নোট;
- ডাম্প/ অত্যধিক নরম/অত্যধিক মরিচায়ুক্ত নোট;
- নোটে বেশি রং লাগানো।

৪) **'পুনঃপ্রচলনযোগ্য (Re-Issueable) নোট' এর বৈশিষ্ট্য :**

উপরে বর্ণিত (অপ্রচলনযোগ্য, ত্রুটিপূর্ণ ও দাবীযোগ্য) নোট ব্যতিত যে সকল নোট পুনরায় প্রচলনে দেওয়ার উপযোগী সে সকল নোট পুনঃপ্রচলনযোগ্য নোট হিসেবে গণ্য হবে।

খ) উপরে উল্লিখিত নোটের বৈশিষ্ট্য অনুযায়ী নোট পৃথকীকরণের ক্ষেত্রে যেসকল বিষয়গুলো বিবেচনায় রাখতে হবে সেগুলো পরিশিষ্ট-ক/১-তে বর্ণিত হয়েছে।

গ) ০৭/১২/২০১৫ তারিখে ইস্যুকৃত ডিসিএম সার্কুলার নং-১৪/২০১৫ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সুলতান মাসুদ আহমেদ)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯০

সংযুক্তিঃ ১(এক) পাতা

ডিসিএম সার্কুলার নং-৩/২০১৯, তারিখঃ ২১/০৫/২০১৯ অনুযায়ী বৈশিষ্ট্যের নিরিখে নোট পৃথকীকরণের ক্ষেত্রে পরিপালনীয় বিষয়াবলী :

**‘অপ্রচলনযোগ্য (Non-Issuable) নোট’**

- ক(১)(i) নং ক্রমিকে বর্ণিত “অত্যধিক ময়লাযুক্ত নোট” এর ক্ষেত্রে ময়লার জন্য নোটে এক বা একাধিক নিরাপত্তা বৈশিষ্ট্য অস্পষ্ট হলে তা অত্যধিক ময়লা যুক্ত নোট বলে বিবেচিত হবে।
- ক(১)(iii) নং ক্রমিকে বর্ণিত “অল্প রং লাগানো নোট” এর ক্ষেত্রে রং এর জন্য আসল নোটের বৈশিষ্ট্য যাচাই করতে কোন সমস্যা না হলে তা অল্প রং লাগানো নোট বলে বিবেচিত হবে।
- ক(১)(iv) নং ক্রমিকে বর্ণিত “নোটের উপর অত্যধিক লেখা বা দাগ, একাধিক সিল, অধিক অনুস্বাক্ষর/স্বাক্ষর বা দাগ” এর ক্ষেত্রে উল্লিখিত কারণসমূহের জন্য নোটের এক বা একাধিক নিরাপত্তা বৈশিষ্ট্য অস্পষ্ট/বিকৃত হলে তা এতদবৈশিষ্ট্যের অন্তর্ভুক্ত হবে।
- ক(১)(v) নং ক্রমিকে বর্ণিত “সামান্য ছেঁড়া/ক্ষুদ্র ছিদ্রযুক্ত নোট” এর ক্ষেত্রে যদি ছেঁড়া/ছিদ্র এরূপ থাকে যার ফলে নোটের কোন নিরাপত্তা বৈশিষ্ট্য ক্ষুণ্ণ না হয় তাহলে উহা সামান্য ছেঁড়া/ক্ষুদ্র ছিদ্রযুক্ত নোট বলে বিবেচিত হবে।

**‘ক্রটিপূর্ণ (Mutilated) নোট’**

- ক(২)(i) নং ক্রমিকে বর্ণিত “ছেঁড়া/টেপযুক্ত নোট” এর ক্ষেত্রে নোটের পরিমাপ ঠিক রেখে ছেঁড়া অংশে নোটের পিছনের দিকে লাগানো সরু টেপ/সাদা কাগজযুক্ত নোট যাতে আসল নোটের বৈশিষ্ট্য যাচাই করতে কোন সমস্যা না হয় এরূপ ক্ষেত্রে তা ছেঁড়া/টেপযুক্ত নোট বলে বিবেচিত হবে।
- ক(২)(ii) নং ক্রমিকে বর্ণিত “দুই খণ্ডে খণ্ডিত নোট” এর ক্ষেত্রে একইভাবে টেপ/সাদা কাগজ লাগানো নোট এবং উভয় অংশ সন্দেহাতীতভাবে একই নোটের অংশ বলে বিবেচিত হয় এরূপ নোট।
- ক(২)(iii) নং ক্রমিকে বর্ণিত “বড় ছিদ্রযুক্ত নোট” এর ক্ষেত্রে ছিদ্রের ফলে নোটের অনুপস্থিতির পরিমাণ নোটের আয়তনের ১০% এর কম হলে তা এতদবৈশিষ্ট্যের অন্তর্ভুক্ত হবে।

**‘দাবিযোগ্য (Claims) নোট’**

- ক(৩)(v) নং ক্রমিকে বর্ণিত “নোটে বেশি রং লাগানো” এর ক্ষেত্রে রং এর জন্য আসল নোটের বৈশিষ্ট্য যাচাই করতে সমস্যা হলে তা নোটে বেশি রং লাগানো বলে বিবেচিত হবে।